

[শিক্ষা](#)

বুয়েটের স্নাতক ভর্তির প্রাক্-নির্বাচনী ফলাফল প্রকাশ

নিজস্ব প্রতিবেদক ঢাকা



বুয়েট

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের স্নাতক শ্রেণিতে ভর্তির প্রাক্-নির্বাচনী পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। সোমবার রাতে বুয়েটের ভর্তির ওয়েবসাইটে ফলাফল প্রকাশ করা হয়। আগামী ১০ জুন বুয়েট ক্যাম্পাসে মূল ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বুয়েটের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বুয়েটের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণির প্রাক-নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্য থেকে মেধার ভিত্তিতে প্রতি শিফটের ৩০০০তম পর্যন্ত যোগ্য প্রার্থীর তালিকা বুয়েটের [ওয়েবসাইটে](#) প্রকাশ করা হয়েছে।

মূল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থী আগামী ৩ জুন সকাল ৯টার পর থেকে বুয়েটের ওয়েবসাইট থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।

এর আগে গত শনিবার বুয়েট ক্যাম্পাসে দুই শিফটে প্রাক-নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হয়।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো